রংপুর সিটি কর্পোরেশন।

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

২৫ জুন ২০২২ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক স্বপ্নের সেতু পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে উপ-কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ রুহুল আমিন মিঞা
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় ঃ ১৩/০৬/২০২২ইং, সোমবার, সকাল ঃ ১২:০০টা
সভার স্থান ঃ রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ।
উপস্থিতি ঃ সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"।

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর জেলা প্রশাসকের কার্যালয়ের কার্যবিবরনীটি পাঠ করে শুনানো হয়। ২৫জুন ২০২২ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক স্বপ্নের সেতু পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে উপকমিটির সভায় উপস্থিত সদস্যগণ যথা ঃ- জনাব মোঃ মোস্তাফিজার রহমান (মোস্তাফ), মেয়র, রংপুর সিটি কর্পোরেশন, জনাব মোঃ মমতাজ উদ্দিন আহমেদ, সভাপতি, রংপুর জেলা আওয়ামী লীগ, জনাব তৈয়ব মোঃ আরিফ হোসেন, অতিঃ পুলিশ সুপার 'এ' সার্কেল, রংপুর, জনাব উৎপল রায়, অতিঃ উপ-পুলিশ কমিশনার, রংপুর মেট্রোঃ পুলিশ, জনাব মোঃ আব্দুস সালাম, উপ-সহকারী পরিচালক, এফএসসিডি, জনাব দিলশাদ ইসলাম, এ্যাডভোকেট, সহ-সভাপতি, মহানগর, রংপুর, জনাব মেরিনা লাভলী, সিনিয়র স্টাফ রির্পোটার, চ্যানেল আই, সমকাল, জনাব জয়নাল আবেদীন, জবাবদিহি সাংবাদিক, জনাব সাব্বির আহমেদ, মেট্রো পলিটন, চেম্বার অব কমার্স পরিচালক, জনাব মোস্তাফা কামাল, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, রংপুর, জনাব তারিকুজ্জামান, উপ-সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, রংপুর, জনাব আবেদুল হাফিজ, যায় যায় দিন, প্রতিনিধি, জনাব এ,কে,এম এনামুল হক, সহকারী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রংপুর, জনাব আবুল কাশেম, সহকারী প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী, এলজিইডি'র পক্ষে, জনাব মোঃ ইজাজুল হক, উপ-সহকারী প্রকৌশল, সড়ক ও জনপথ বিভাগ, রংপুর, জনাব মোঃ মুক্তার হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৯,রংপুর সিটি কর্পোরেশন, জনাব সদরুল আলম, মুক্তিযোদ্ধা সাংবাদিক, রংপুর তাদের মূল্যবান বক্তব্য রাখেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র/নং	কর্মসূচী	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	অনুষ্ঠানস্থল সাজানো।	প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক স্বপ্নের সেতু পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে নির্ধারিত স্থান রংপুর জিলা স্কুল মাঠ প্রস্তুত করতে হবে। সেলক্ষ্যে ত্রিপল ও সামিয়ানা দিয়ে প্যান্ডেল করতে হবে। অনুষ্ঠান স্থলে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত মঞ্চও প্রাঙ্গন সজ্জাসহ সাউন্ড সিস্টেমের প্রয়োজনীয় ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তত্ত্বাবধায়ন করবেন।	রংপুর সিটি কর্পোরেশন।
২	রংপুর শহর ও সড়ক দ্বীপ সাজানো।	রংপুর শহরের গুরুত্বপূর্ণ স্থানে সামঞ্জস্যপূর্ণ প্লাকার্ড, ব্যানার, ফেস্টুন, আলোকসজ্জাকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	রংপুর সিটি কর্পোরেশন।

৩	শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে তোরণ নির্মাণ।	উদ্বোধনী অনুষ্ঠানটি জাঁকজমকপূর্ণ ভাবে উদযাপনের লক্ষ্যে জেলা পরিষদের সহযোগীতায় শহরের গুরুত্বপূর্ণ স্থান যথা- মেডিকেল মোড়, মর্ডাণ মোড় ও মাহিগঞ্জে ০৩ টি দৃষ্টিনন্দন তোরণ নির্মাণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ কর্মসূচী বাস্তবায়নে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ কারিগরী সহযোগিতা প্রদান করবেন।	জেলা পরিষদ, রংপুর।
৪	রেপ্লিকা তৈরী করণ।	অনুষ্ঠানটি জাঁকজমকপূর্ণ ভাবে উদযাপনের লক্ষ্যে শহরের বিভিন্ন স্থানে ব্যপক প্রচারনার জন্য পদ্মা সেতুর আদলে রেপ্লিকা তৈরী করার সিদ্ধান্ত গৃহিত হয়।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রংপুর।
৫	ক্ষণগণনা ডিসপ্লে ডিজিটাল ঘড়ি স্থাপনা।	পদ্মা সেতু ২৫ জুন ২০২২ উদ্বোধন উপলক্ষে ক্ষণগণনা ডিসপ্লে ডিজিটাল ঘড়ি স্থাপন করে জনসাধারণের মাঝে প্রচারণার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ
৬	থিম সং এবং ভাওয়াইয়া ও লোকজ গানের মাধ্যমে প্রচারনা।	পদ্মা সেতু ২৫ জুন ২০২২ উদ্বোধন উপলক্ষে থিম সং প্রচার করতে হবে। এছাড়াও আনন্দমুখর ভাবে উদ্বোধনী অনুষ্ঠান উদযাপনের লক্ষ্যে জেলা প্রশাসনের নির্ধারিত ভাওয়াইয়া ও লোকজ গান স্থানীয় শিল্পীগনের মাধ্যমে প্রচার করা হবে।	সাংস্কৃতিক অফিসার

অন্যান্য সিদ্ধান্ত সমূহ ঃ

ক) পদ্মা সেতু ২৫ জুন ২০২২ উদ্বোধন উপলক্ষে রংপুর জিলা স্কুল মাঠ ও শহর পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য এ কার্যালয়ের কঞ্জারভেন্সী শাখাকে নির্দেশ প্রদান করা হয়।

খ) পদ্মা সেতু ২৫ জুন ২০২২ উদ্বোধন উপলক্ষে কার্যক্রম বাস্তবায়ন মনিটর করার জন্য একটি কমিটি গঠন করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫/৬/২২

মোঃ রুহুল আমিন মিঞা
পরিচিতি নং- ১৫৩৪৬
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৬৪৯৪২,ফ্যাক্স ঃ ০৫২১- ৫৫৯৭০
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০৯.২২-২৫৮৯

তারিখ ঃ ০২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
১৬ জুন ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। পুলিশ কমিশনার, রংপুর।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর।
৪। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রংপুর।
৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রংপুর।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
৮। প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
৯। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।
১০। অফিস নথি

২১/৬/২২

মোঃ রুহুল আমিন মিঞা
পরিচিতি নং- ১৫৩৪৬
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৬৪৯৪২,ফ্যাক্স ঃ ০৫২১- ৫৫৯৭০
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.